# আল-মুমিনুন | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ৫

## আরবি মূল আয়াত:

وَ الَّذِیۡنَ هُمۡ لِفُرُوۡجِهِمۡ حٰفِظُوۡنَ ﴿۵﴾

## অনুবাদসমূহ:

আর যারা তাদের নিজদের লজ্জাস্থানের হিফাযতকারী। — আল-বায়ান

যারা নিজেদের যৌনাঙ্গকে সংরক্ষণ করে। — তাইসিরুল

যারা নিজেদের যৌনাংগকে সংযত রাখে – — মুজিবুর রহমান

And they who guard their private parts — Sahih International

৫. আর যারা নিজেদের যৌনাঙ্গকে রাখে সংরক্ষিত(১),

(১) পূর্ণ মুমিনের এটি চতুর্থ গুণঃ তা হচ্ছে, যৌনাঙ্গকে হেফাযত করা। তারা নিজের দেহের লজ্জাস্থানগুলো ঢেকে রাখে। অর্থাৎ উলংগ হওয়া থেকে নিজেকে রক্ষা করে এবং অন্যের সামনে লজ্জাস্থান খোলে না। আর তারা নিজেদের লজ্জাস্থানের সততা ও পবিত্রতা সংরক্ষণ করে। অর্থাৎ যৌন স্বাধীনতা দান করে না এবং কামশক্তি ব্যবহারের ক্ষেত্রে লাগামহীন হয় না। অর্থাৎ যারা স্ত্রী ও যুদ্ধলব্ধ দাসীদের ছাড়া সব পর নারী থেকে যৌনাঙ্গকে হেফাযতে রাখে এবং এই দুই শ্রেণীর সাথে শরীআতের বিধি মোতাবেক কামপ্রবৃত্তি চরিতার্থকরা ছাড়া অন্য কারও সাথে কোন অবৈধ পন্থায় কামবাসনা পূর্ণ করতে প্রবৃত্ত হয় না।

তাফসীরে জাকারিয়া

(৫) যারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন